



## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

( বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন )

রেজিঃ নং— ৪১৯৯



তারিখ - ০৪.১২.২০১৭

ইস্কাহার নং - ১৬/২০১৭

সকল সদস্যদের জন্য,

সার্থী,

### হীরক জয়ন্তী বর্ষের সমাপ্তি অনুষ্ঠান

বিগত ১১ই ডিসেম্বর, ২০১৬, আমাদের প্রিয় সংগঠন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন নানা যাত প্রতিযাত সম্বলিত সুদীর্ঘ পথ পেরিয়ে ৬০ বৎসরে পদার্পন করেছিল। যথার্থ ট্রেড ইউনিয়ন মচেনতার স্বাক্ষর রেখে ৬০ বৎসর পূর্বে কতিপয় কর্মী নানা বিপত্তির মাঝেও এই ইউনিয়নের গোড়াপত্তন করেছিলেন। তৎকালীন ব্যাঙ্ক কর্তৃপক্ষের নানারকম বাধানিষেধ, জোরজুলুমের দাপটে ব্যাঙ্কের অভ্যন্তরে সভা করার অনুমতি পর্যন্ত পাওয়া যেত না। সভা করতে হতো ব্যাঙ্কের বাইরে। এই প্রতিষার মধ্যেই বিগত ১১ই ডিসেম্বর, ১৯৫৭ এই ইউনিয়ন রেজিস্ট্রিভুক্ত হয়েছিল।

স্বাভাবিক কারণেই এই দিনটিকে স্মরণে রেখে বিগত ১১ই ডিসেম্বর, ২০১৬ আমাদের ক্যানিং স্ট্রীট শাখাতে আমরা এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করেছিলাম ও প্রতিশ্রুতি দিয়েছিলাম যে এই হীরক জয়ন্তী বর্ষ আমরা এক বছর ব্যাপী সারা রাজ্যে উদযাপন করবো। অসীকার অনুযায় বিগত এক বছর বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে আমরা তিনটি সার্কেলেই ৬০ বছর উদযাপন করেছি। এর মধ্যে ট্রেড ইউনিয়ন শিক্ষা শিবির, স্বাস্থ্য পরীক্ষা শিবির ও বয়ঃকনিষ্ঠদের নিয়ে বিভিন্ন অনুষ্ঠান আমরা সংগঠিত করেছি।

আগামী রবিবার, ১০ই ডিসেম্বর ২০১৭ হীরক জয়ন্তী বর্ষের সমাপ্তি অনুষ্ঠান উপলক্ষে আমরা একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছি আমাদের বি.আর.বি.বি রোড(ক্যানিং স্ট্রীট) শাখাতে।

“ফিরে দেখা” আখ্যাত এই অনুষ্ঠানে আমাদের সংগঠনের প্রাক্তন সাধারণ সম্পাদকগণ তাঁদের অভিজ্ঞতা বিনিময় করবেন। তাঁরা পি.এন.বি.শ্রমিক ইউনিয়ন এর এগিয়ে চলার ইতিহাস অভিব্যক্ত করবেন।

**অনুষ্ঠান - হীরক জয়ন্তী বর্ষ উদযাপনের সমাপ্তি পর্ব।**

**তারিখ - ১০ই ডিসেম্বর, ২০১৭ (রবিবার)**

**সময় - দুপুর ২-৩০ মিনিট**

**স্থান - বি.আর.বি.বি রোড (ক্যানিং স্ট্রীট) শাখা।**

এই অনন্যমূল্য অনুষ্ঠানটিকে সফল রূপ দেবার জন্য দলমত নির্বিশেষে সবাক্রমে যথাসময়ে আপনাদের উপস্থিতি জীষণভাবে অপেক্ষিত।

আশাকরি প্রাক্তন ও নতুন কর্মীবৃন্দের মেলবন্ধনে এই অনুষ্ঠানটি সর্বাসমুদ্র হয়ে উঠবে।

সংগ্রামী অভিনন্দন সহ,

(শ্রীজিৎ সেনগুপ্ত)

সাধারণ সম্পাদক